

রাশিয়ায় সামরিক উড়োজাহাজ বিধ্বস্ত , নিহত ১৫

- A Monitor Desk Report

Date: 13 March, 2024



উড্ডয়নের কিছুক্ষণের মধ্যেই রাশিয়ার একটি সামরিক পরিবহন উড়োজাহাজের ইঞ্জিনে আগুন ধরে গিয়ে সেটি বিধ্বস্ত হয়। বিধ্বস্ত উড়োজাহাজটিতে আটজন ক্রু ও সাতজন যাত্রীসহ মোট ১৫ জন আরোহী ছিলেন।

রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে বলা হয়, মঙ্গলবার (১২ মার্চ) ইভানোভো অঞ্চলে ওই উড়োজাহাজটি বিধ্বস্ত হয়।

দেশটির অনলাইন সংবাদমাধ্যমগুলো জানায়, বিধ্বস্ত উড়োজাহাজটির আরোহীদের কেউ বেঁচে নেই।

রাশিয়ার সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি ভিডিও ঘুরে বেড়াচ্ছে। যেখানে দেখা যাচ্ছে, তুয়ার ঢাকা অঞ্চলের আকাশে একটি সামরিক উড়োজাহাজের একটি ইঞ্জিনে আগুন জ্বলছে এবং সেটি ধীরে ধীরে মাথা নিচের দিকে দিয়ে মাটিতে পড়ে যাচ্ছে। কিছুক্ষণ পরই দূরে কালো ধোঁয়ার বিশাল কুণ্ডলী দেখতে পাওয়া যায়।

সংবাদসংস্থা স্বাধীনভাবে ওই ভিডিওর সত্যতা যাচাই করতে পারেনি।

-B